

# যুগান্তর

## মাদ্রাসা বোর্ডে শীর্ষে দারুল্লাজাত

### যুগান্তর রিপোর্ট

মাদ্রাসা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এ বছর দাখিল পরীক্ষায় ব্যাংকিংয়ে সর্বোচ্চ ৯১ দশমিক ২৮ পয়েন্ট পেয়ে শীর্ষ অবস্থানে রয়েছে রাজধানীর ডেমরার দারুল্লাজাত সিদ্দিকীয়া কামিল মাদ্রাসা। এ প্রতিষ্ঠান থেকে অংশ নেয়া ৩৬০ জনই পাস করেছে। যাদের মধ্যে ৩০৬ জনই জিপিএ-৫ পেয়েছে। গত বছর এ প্রতিষ্ঠানটি চতুর্থ স্থানে ছিল। ফলাফলে এ বছর দ্বিতীয় স্থানে রয়েছে বালকাঠি এনএস কামিল মাদ্রাসা। গত বছর এ প্রতিষ্ঠান প্রথম স্থানে ছিল। পরীক্ষায় অংশ নেয়া ২৬৬ জনের সবাই পাস করেছে। জিপিএ-৫ পেয়েছে ২২৭ জন। তৃতীয় স্থানে রয়েছে যাত্রাবাড়ী তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসা। ৮৭ দশমিক ৭১ পয়েন্ট পাওয়া এই মাদ্রাসার ৩৩৩ জন পরীক্ষায় অংশ নেয়। পাস করেছে ৩৩২ জন ও জিপিএ-৫ পেয়েছে ২৫৭ জন। মোট জিপিএ-৫, রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীর সংখ্যা, নিয়মিত পরীক্ষায় অংশগ্রহণকারী, মোট পরীক্ষার্থী এবং পাসের সংখ্যা এই পাঁচটি ক্যাটাগরিতে সেরা প্রতিষ্ঠান নির্ধারণ করা হয়। চতুর্থ নরসিংদীর জামিয়া-ই-কাসেমিয়া কামিল মাদ্রাসা, পঞ্চম রংপুর সদরের ধাপ সাতগারি বাইতুল মুকাররম কামিল মাদ্রাসা, ষষ্ঠ নরসিংদী সদরের জামেয়া কাসেমিয়া (কামিল মাদ্রাসা) মহিলা শাখা, সপ্তম রাজশাহীর শাহমাখদুমের আল-মারকাজুল ইসলামি আস-সালাফি দাখিল মাদ্রাসা, অষ্টম তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসার টঙ্গী (গাজীপুর) শাখা, নবম রাজধানীর ডেমরার তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসার মহিলা শাখা এবং দশম স্থানে রয়েছে উত্তরার তানযীমুল উন্মাহ ক্যাডেট মাদ্রাসা।